দৈনিক ইনকিলাব

197

তারিখ ... 26 APR 1998
পৃষ্ঠা : ১২ কলাম ৫

## সংবাদপত্র ফাঁস হওয়া প্রশ্নপত্র ছেপে নৈতিক দায়িত্ব পালন করেছে
### —বিএসপি

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ সংবাদপত্র পরিষদের সভাপতি অধ্যাপক মাজিদুল ইসলাম ও মহাসচিব আবুল কাশেম মজুমদার এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত খবর প্রকাশের জন্য চট্টগ্রামের 'দৈনিক কর্ণফুলী' ও 'কুমিল্লা বার্তা'র প্রকাশক, সম্পাদক ও বার্তা সম্পাদককে গ্রেফতার এবং ঢাকার 'দৈনিক মুক্তকণ্ঠে'র প্রকাশক ও চট্টগ্রাম প্রতিনিধির বিরুদ্ধে মামলা দায়ের ঘটনায় তীব্র ক্ষোভ ও নিন্দা প্রকাশ করেছেন।

গতকাল (শনিবার) নেতৃদ্বয় এক বিবৃতিতে বলেন, এই ঘটনা কেবল ক্ষমতাসীন সরকারের অযোগ্যতা ও ব্যর্থতা ধামাচাপা দেয়ার অপপ্রয়াস নয় বরং সংবাদপত্র ও জনগণের বাক-স্বাধীনতা হরণেরও পাঁয়তারা। বিবৃতিতে তারা পত্রিকার প্রকাশক, সম্পাদক ও সাংবাদিকদের বিরুদ্ধে দায়েরকৃত সকল মামলা অবিলম্বে প্রত্যাহারের দাবী জানান।

বিবৃতিতে বিএসপি নেতৃবৃন্দ বলেন, সংবাদপত্র প্রশ্নপত্র ফাঁস করেনি বরং ফাঁস হওয়া প্রশ্নপত্রের নমুনা ছেপে তার নৈতিক দায়িত্ব পালন করেছে। ফাঁস হওয়া প্রশ্নপত্রের নমুনা যদি পরীক্ষার আগেই সংবাদপত্রে প্রকাশিত না হতো, তবে সংশ্লিষ্ট মহল নিজেদের দোষ এড়ানোর জন্য প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি সহজেই অস্বীকার করতে পারতো এবং তাতে পরীক্ষার্থীদের মারাত্মক ক্ষতি হতো। বিবৃতিতে নেতৃদ্বয় উল্লেখ করেন, যে আইনে সংবাদপত্রের বিরুদ্ধে মামলা, গ্রেফতার ও হয়রানিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে, তা সংবাদপত্রের ক্ষেত্রে প্রযোজ্য নয়। এই আইনে শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের দুর্নীতি ও ব্যর্থতার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিধান রয়েছে।